


প্রেস বিজ্ঞপ্তি
১৭ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিকাল ৩.৩০ ঘটিকা থেকে বিকাল ০৫.৩০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার বনবাড়িয়া বাজার, কাশিয়াহাটা বাজার ও কড্ডার মোড় এলাকায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ সদর উপজেলার কাশিয়াহাটা বাজারে খালেক সবজি ভাণ্ডারকে আলু, ডিম পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ১,০০০/- টাকা, সুমাইয়া ষ্টোরকে আলু, ডিম, পিয়াজের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ২,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে কড্ডার মোড় এলাকায় ইক্সয়ার হাসপাতালকে ডেঙ্গু টেস্টের ফি দৃশ্যমান স্থানে প্রদর্শন না করায় ৫,০০০/- টাকাসহ সর্বমোট ৮,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়-বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পৈয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। পুলিশ লাইন সিরাজগঞ্জ ও সদর থানার সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।


১৭.০৯.২০২৩
(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
সিরাজগঞ্জ জেলা কার্যালয়
মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮